HM Government

Grenfell community updates

Grenfell Tower community update: November 2026 - Bengali/ বাংলা

গ্রেনফেল টাওয়ার কমিউনিটির আপডেট: নভেম্বর 2026

আমরা বুঝতে পারি যে গ্রেনফেল টাওয়ার (Grenfell Tower) ট্র্যাজেডিতে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের কাছে এই টাওয়ারটির গভীর ব্যক্তিগত তাৎপর্য রয়েছে এবং এই স্থানটি পরিবারগুলোর কাছে পবিত্র।

আমরা সতর্কতার সঙ্গে টাওয়ারটি ভেঙে ফেলার কাজের অগ্রগতি সম্পর্কে আপনাদের নিয়মিত অবহিত রাখতে চাই।
এই আপডেটে আপনারা জানতে পারবেন:

- **স্মৃতিসৌধ নির্মাণের উদ্যোগ**
- **ধুলো, কম্পন ও শব্দের ওপর নজরদারির তথ্য**
- **স্বাস্থ্য ও সুস্থতা-সংক্রান্ত সহায়তা**
- **কীভাবে আমাদের সঙ্গে যোগাযোগ করবেন বা আরও তথ্য জানতে পারবেন**

আপনারা আগের আপডেটগুলো এখানে দেখতে পারেন:
www.gov.uk/grenfell-community-updates

স্মৃতিসৌধ নির্মাণের উদ্যোগ

স্বাধীন নকশা প্রণয়নকারী দল ফ্রিহাউস (Freehaus), গ্রেনফেল কমিউনিটি এবং গ্রেনফেল টাওয়ার মেমোরিয়াল কমিশনের সঙ্গে মিলে স্মৃতিসৌধের নকশা তৈরি করছে। প্রস্তাবিত নকশার অংশ হিসেবে, টাওয়ারের চারপাশের 14টি স্তম্ভ চতুর্থ তলার উচ্চতা পর্যন্ত অক্ষত রাখা হবে, যাতে চূড়ান্ত নকশায় সেগুলোকে অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনা করা যায়। নকশা চূড়ান্ত করার আগে কমিউনিটির সদস্যদের ফ্রিহাউসএর সঙ্গে কথা বলার আরও সুযোগ দেওয়া হবে এবং আপনি তাদের সাথে সরাসরি যোগাযোগ করতে পারেন এখানে: hello@freehausdesign.com

টাওয়ারের চারপাশের মাচাগুলো বর্তমানে পরিবর্তন করা হচ্ছে, যাতে স্তম্ভগুলো যথাস্থানে রেখে অত্যন্ত সতর্কতার সঙ্গে টাওয়ারটি অপসারণের কাজ চালিয়ে যাওয়া যায়। এই কাজ চলাকালীন পুরো টাওয়ারটি সাদা আবরণ দিয়ে ঢাকা থাকবে।

ধুলো, কম্পন ও শব্দের ওপর নজরদারি-সংক্রান্ত তথ্য

গ্রেনফেল টাওয়ার এলাকায় সব কাজ যেন সর্বোচ্চ মান বজায় রেখে সম্পন্ন করা হয় তা নিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। কমিউনিটির সদস্যদের এবং সাইটে কর্মরত ব্যক্তিদের নিরাপত্তা ও সুস্থতা নিশ্চিত করাই আমাদের অগ্রাধিকার। সাইটে ধুলো, কম্পন ও শব্দের তাৎক্ষণিক তথ্য সংগ্রহের জন্য মনিটর স্থাপন করা হয়েছে। এই তথ্য প্রতি মাসে প্রকাশ করা হয়। সর্বশেষ প্রতিবেদনগুলো দেখতে অনুগ্রহ করে নিচের লিংকগুলোতে ক্লিক করুন:

31 আগস্ট থেকে 27 সেপ্টেম্বর 2026 পর্যন্ত ধুলো পর্যবেক্ষণ প্রতিবেদন
31 আগস্ট থেকে 27 সেপ্টেম্বর 2026 পর্যন্ত কম্পন পর্যবেক্ষণ প্রতিবেদন
31 আগস্ট থেকে 27 সেপ্টেম্বর 2026 পর্যন্ত শব্দ পর্যবেক্ষণ প্রতিবেদন

UK স্বাস্থ্য নিরাপত্তা সংস্থা (UKHSA) গ্রেনফেল টাওয়ারের আশপাশের এলাকার বায়ুর গুণমান মূল্যায়ন ও পর্যবেক্ষণ অব্যাহত রাখবে, কাজ চলাকালীন। তারা প্রতি মাসে তাদের প্রতিবেদন প্রকাশ করে। আপনারা সর্বশেষ প্রতিবেদনটি এখানে দেখতে পারেন:
গ্রেনফেল টাওয়ারে অগ্নিকাণ্ডের পর পরিবেশগত পর্যবেক্ষণ - GOV.UK

স্বাস্থ্য ও সুস্থতা-সংক্রান্ত সহায়তা

গ্রেনফেল স্বাস্থ্য ও সুস্থতা পরিষেবা হলো শিশু ও প্রাপ্তবয়স্কদের জন্য জাতীয় স্বাস্থ্য পরিষেবা (NHS)-এর একটি বিনামূল্যের ও গোপনীয় পরিষেবা। গ্রেনফেল টাওয়ার অত্যন্ত সতর্কতার সঙ্গে অপসারণের কাজ চলাকালীন শোকাহত পরিবার, দুর্ঘটনা থেকে বেঁচে যাওয়া ব্যক্তি এবং আশপাশের এলাকার বাসিন্দাদের জন্য সহায়তা অব্যাহত থাকবে। আপনি যদি কারও সঙ্গে কথা বলতে চান, তাহলে নিচের উপায়গুলো ব্যবহার করতে পারেন:

- গ্রেনফেল ওয়েলবিইং (Grenfell Wellbeing) পরিষেবায় 020 8637 6279-এ ফোন করুন (প্রতিদিন সকাল 8টা থেকে রাত 8টা পর্যন্ত)।
- জরুরি পরিস্থিতিতে সেন্ট্রাল অ্যান্ড নর্থ ওয়েস্ট লন্ডন NHS ফাউন্ডেশন ট্রাস্টের (CNWL) সিঙ্গেল পয়েন্ট অব অ্যাক্সেস পরামর্শ লাইনে ফোন করুন: 0800 0234 650 (সপ্তাহের সাত দিন, 24 ঘণ্টা খোলা থাকে)।
- ইমেইল: grenfell.wellbeingservice@nhs.net
- আরও তথ্যের জন্য www.grenfellwellbeing.cnwl.nhs.uk দেখুন।

বর্তমানে উপলভ্য পরিষেবাগুলোর সর্বশেষ তথ্যের জন্য www.grenfell.nhs.uk দেখুন

কীভাবে আমাদের সঙ্গে যোগাযোগ করবেন বা আরও তথ্য জানবেন

আমরা এমনভাবে তথ্য জানাতে চাই, যা আপনাদের জন্য সহায়ক হবে। আমরা নিয়মিত আপডেট ও তথ্য শেয়ার করতে থাকব এখানে: www.gov.uk/grenfell-community-updates

অনুগ্রহ করে আমাদের ইমেইল লিখুন: GrenfellTowerSite@communities.gov.uk -এ:

- আমাদের সাথে অথবা গ্রেনফেল টাওয়ার সাইটের প্রধান ঠিকাদার DCUK-এর সাথে কথা বলার আয়োজন করুন।
- টাওয়ারটি অত্যন্ত সতর্কতার সঙ্গে অপসারণের কাজ সম্পর্কে আপনার মনে থাকা যেকোনো প্রশ্ন আমাদের করুন অথবা আপনার কোনো উদ্বেগ থাকলে তা আমাদের জানান।
- আমাদের নিয়মিত আপডেট সরাসরি আপনাকে ইমেইল করার জন্য অনুরোধ করুন।
- আমরা কীভাবে আপনাদের সঙ্গে যোগাযোগ করি এবং আপনাদের সম্পৃক্ত রাখি, সে সম্পর্কে আপনার মতামত জানাতে পারেন। আমরা আপনাদের মতামতকে স্বাগত জানাই।

গ্রেনফেল টাওয়ার সম্পর্কে সর্বশেষ আপডেট পেতে এবং ইমেইল বিজ্ঞপ্তি পাওয়ার জন্য নিবন্ধন করতে অনুগ্রহ করে www.gov.uk/grenfell-community-updates-এ যান অথবা QR কোডটি স্ক্যান করুন।

গ্রেনফেল টাওয়ার সাইট ব্যবস্থাপনা দল,

আবাসন, কমিউনিটি ও স্থানীয় সরকার মন্ত্রণালয়